BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION
a national organisation representing Yarn & Fabric Manufacturers and Textile Product Processors

Mohammad Ali Khokon
President

বিটিএমএ.বিএস-০৮৫.৪৬২ জুন ০৭, ২০২২

রিয়ার অ্যাডমিরাল এম. শাহজাহান, (এন), এনপিপি, বিসিজিএমএ, এসডিসি, পিএসসি
চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, পোষ্ট বক্স # ২০১৩
চট্টগ্রাম -৪১০০, বাংলাদেশ।

বিষয়ঃ **সম্প্রতি সীতাকুন্ডে অবস্থিত বিএম কন্টেইনার ডিপোতে সংঘঠিত ভয়াবহ অগ্নিকান্ড ও বিস্ফোরনের প্রেক্ষিতে বিটিএমএ'র সদস্য মিল কর্তৃক আমদানিকৃত কন্টেইনারের মধ্যে অক্ষত এবং আংশিকভাবে ক্ষতিগ্রস্থ পণ্যবাহী কন্টেইনার কে উক্ত ডিপো থেকে অন্য ডিপোতে দ্রুত স্থানান্তরের মাধ্যমে খালাসের পদক্ষেপ গ্রহনের অনুরোধ সম্পর্কিত।**

জনাব,

আপনি জানেন বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ) প্রাইমারী টেক্সটাইল খাতের স্পিনিং উইভিং ও ডাইয়িং-প্রিন্টিং-ফিনিশিং মিলের সংগঠন। সদস্য মিলগুলির প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও রং-রসায়ন চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি ও খালাস হয়। **কোন কোন ক্ষেত্রে খালাসের জন্য তা বিভিন্ন কন্টেইনার ডিপোতে স্থানান্তরিত করা হয়।**

গত ৪ জুন, ২০২২ তারিখে সীতাকুন্ডে অবস্থিত বিএম কন্টেইনার ডিপোতে এক ভয়াবহ বিস্ফোরন ও অগ্নিকান্ডের ফলে ব্যাপক জানমালের ক্ষতিসহ ডিপোতে রক্ষিত **বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানসহ বিটিএমএ'র সদস্য মিল কর্তৃক আমদানিকৃত কাঁচামাল তথা তুলা, যন্ত্রপাতি, যন্ত্রাংশ, রং-রসায়নের ব্যাপক ক্ষতি হয়েছে মর্মে সমিতি জানতে পেরেছে।**

এছাড়াও **উক্ত ডিপোতে রক্ষিত আমদানিকৃত কন্টেইনারের কতিপয় সম্পূর্ন অক্ষত বা আংশিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে মর্মেও আমরা অবগত হয়েছি।** আমরা মনে করি বিএম কন্টেইনার ডিপোটির বর্তমান অবস্থার প্রেক্ষিতে যে সকল কন্টেইনার অক্ষত বা আংশিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং উক্ত ডিপোতে রয়েছে তা কোন অবস্থাতেই নিরাপদ নয় এবং অনতিবিলম্বে তা খালাসের জন্য বন্দর কর্তৃপক্ষের দ্রুত পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।

বিটিএমএ'র সদস্য মিলগুলি রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানে তাদের উৎপাদিত সুতা ব্যাক-টু-ব্যাক এলসির মাধ্যমে প্রচ্ছন্নভাবে রপ্তানি করে। বর্তমান বৈশ্বিক অর্থনীতির টালমাটাল পরিস্থিতি এবং পন্য আমদানিতে Supply Chain এর বিপর্যস্থ অবস্থার কারনে সদস্য মিলগুলির কাঁচামালের অবাধ Movement বাধাগ্রস্থ। **তাই বিটিএমএ'র সদস্য মিলগুলির আমদানিকৃত পন্যের মধ্যে যে সকল কন্টেইনার উক্ত ডিপোতে অক্ষতভাবে রক্ষিত ও আংশিকভাবে ক্ষতিগ্রস্থ সে গুলোকে দ্রুততার সহিত অন্য আরেকটি ডিপোতে স্থানান্তরের মাধ্যমে খালাসের পদক্ষেপ নেয়া প্রয়োজন।**

এমতাবস্থায় সীতাকুন্ডের বিএম কন্টেইনার ডিপোতে বিটিএমএ'র সদস্য মিল কর্তৃক আমদানিকৃত পন্যের যে সকল কন্টেইনার অক্ষত বা আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে তা অন্য আরেকটি ডিপোতে দ্রুততার সহিত স্থানান্তরের মাধ্যমে খালাসের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য আপনাকে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

মোহাম্মদ আলী খোকন
প্রেসিডেন্ট

অনুলিপিঃ

১. কমিশনার, চট্টগ্রাম কাষ্টম হাউস এর সদয় অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ সহকারে প্রেরন করা হলো।
২. মোঃ ওমর ফারুক , সচিব , চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ ।